

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ মেসার্স বেলী পোল্ট্রি এন্ড ফিস ফিড, প্রোঃ মোছাঃ নাগিস আক্তার (বেলী), স্বামী- মোঃ নাছির উদ্দিন ওরফে চাঁন মিয়া, সাং- রামনগর, পোঃ চাঁদপুর কাচারী, থানা ও জেলাঃ জামালপুর।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০১/০১/২০২৪ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১৭,৪০,১৪৮/- টাকা (কথায়: সতেরো লক্ষ চল্লিশ হাজার একশত আটচল্লিশ টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

“বন্ধকীকৃত সম্পত্তির তফসিল”

জেলাঃ জামালপুর, উপজেলাঃ জামালপুর সদর, মৌজা-রামনগর,

মৌজা	খতিয়ান			দাগ নং			জমির পরিমাণ (একর)
	সিএস	আরওআর	বিআরএস	সিএস	আরওআর	বিআরএস	
রামনগর	৫০	৯০	৬১০	৬৫	৬৫	২০৪১	০.৪২
			৫৭০	৬৫	৬৫	২০৬২	০.৩৩ ^১ / _{১০}
রামনগর	১৮	৪৭	৫৭০	৯০	৯০	২০৬২	০.৪০
			৪০৭	৬৮	৬৮	২০৫০	০.৩০ ^১ / _২
রামনগর	৪২	৮২	৫৪৭	১০১	১০১	২৭৩৪	০.২০
			৩৪১	৯৫	৯৫	২০৩৬	০.৪২
রামনগর	৪২	৮২	২০	৯৭	৯৭	২০৩৯	০.১০
রামনগর	৪২	৮২	৫৪৭	১০৮	১০৮	২৭৩৪	০.৫৪
রামনগর	১৮	৪৭	৪০৭	৬৮	৬৮	২০৫০	০.৩০
রামনগর	৮১	১২৯	৩৭৬	১১৩	১১৩	২৭৭৪	১.০০
রামনগর	৫৪	৯৫	৫৪৫	১০৭	১০৭	২৮০২	০.১৪
রামনগর	১৫৫	২৫৬	১২৩	৮৫৮	৮৫৮	২০৭৩	০.১৫
রামনগর	৪৯	৮৯	৫৪৭	১০৬	১০৬	২৭৯০	০.২৬
রামনগর	৫০	৯০	৫৪৬	৯২	৯২	২৭৮৭	০.২৮
						মোট	৪.৮৪ ^৫ / _{১০}

জমির পরিমাণ: ৪.৮৪^৫/_{১০} একর।

সম্পত্তির মালিক ও জামিনদাতার নাম ও ঠিকানাঃ মোঃ নাছির উদ্দিন ওরফে চাঁন মিয়া, পিতা: মৃত হাজী তোফাজ্জল হোসেন, সাং-রামনগর, পোঃ চাঁদপুর কাচারী, থানা ও জেলাঃ জামালপুর সদর, জামালপুর।

শর্তসমূহ:

০১) আগামী ০২/০৬/২০২৪ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, শ্রীপুর কুমারিয়া বাজার শাখা, জামালপুর কিংবা সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, জামালপুর এ রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই ৪.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল যেখানে যে অবস্থায় রহিয়াছে/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রয়োজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	২০% হারে
উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	১৫% হারে
উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের	১০% হারে

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলামে ক্রয় করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী যাবতীয় কর/স্বয়ংক্রিয় প্রতিষ্ঠানের দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার

মোহাম্মদ আলী
ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
শ্রীপুর কুমারিয়া বাজার শাখা, জামালপুর